গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
**'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' শীর্ষক প্রকল্প**
১১৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর,ঢাকা-১২১৫
www.nddtrust.gov.bd

স্মারক নং- ৪১.০৫.০০০০.০০০.০১.০০১.২২- ৩৩২

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯ / ১০ আগস্ট ২০২২

# বাড়ী ভাড়া বিজ্ঞপ্তির আলোকে দরপত্র প্রস্তাব দাখিল সম্পর্কিত পালনীয় শর্তাবলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট স্নায়ুবিক বিকাশজনিত প্রতিবন্ধী (এনডিডি) শিশু ও ব্যক্তিকে রিহ্যাবিলিটেশন সেবা তথা (সাধারণ স্বাস্থ্য সেবাসহ থেরাপিউটিক সেবা, প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি এবং সহায়ক উপকরণ প্রদান করার জন্য 'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করেছে।

২। কেন্দ্র পরিচালনার জন্য নিম্নোক্ত এলাকা নির্ধারণ করা হয়েছে:

১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
২. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৩. চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৪. নোয়াখালী সদর
৫. লাকসাম উপজেলা, কুমিল্লা
৬. বগুড়া সদর
৭. মৌলভীবাজার সদর
৮. ময়মনসিংহ সদর
৯. নেত্রকোনা সদর
১০. বরিশাল সদর
১১. যশোর সদর
১২. নাগেশ্বরী উপজেলা, কুড়িগ্রাম
১৩. গাইবান্ধা সদর এবং
১৪. কালিগঞ্জ উপজেলা, লালমনিরহাট

৩। উক্ত এলাকাসমূহে প্রকল্প মেয়াদ পর্যন্ত অর্থাৎ আগষ্ট/ সেপ্টেম্বর ২০২২ হতে মার্চ ২০২৫ পর্যন্ত (কমবেশি সময়ের জন্য) 'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' ভাড়ার ভিত্তিতে অফিস স্থাপনের জন্য প্রকল্প এলাকায় অবস্থিত বাড়ীর প্রকৃত মালিকের নিকট থেকে নিম্নোক্ত পালনীয় শর্তাবলীর আলোকে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে:

১. বাড়ীটি পাকা বিল্ডিং হতে হবে;
২. বাড়ীটি নিচতলাসহ একাধিক তলা হতে পারে;
৩. বাড়ীটি প্রতিবন্ধী ব্যক্তির জন্য প্রবেশগম্য হতে হবে;
৪. সরকারী অফিস পাড়া/ হাসপাতাল/ বড় রাস্তার পার্শে থাকতে হবে;


অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক
অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র
মোবাঃ ০১৭১১-৫২০২৮০
ই-মেইলঃ salma.mukul@yahoo.com

৫. বাড়ীর প্লিনথ এরিয়া (নীচতলা কিংবা নীচ ও ২য় তলা মিলিয়ে) কমবেশি ৪৫০০-৫০০০ (চার হাজার পাঁচশত হতে পাঁচ হাজার) বর্গফুট হতে হবে;

৬. সার্বক্ষনিক বিদ্যুৎ এবং পানির সুবিধা থাকতে হবে;

৭. ইলেক্ট্রো-থেরাপি যন্ত্রপাতি চালানোর জন্য প্রয়োজন অনুযায়ী ওয়্যারিং করে দেওয়ার ব্যবস্থা থাকতে হবে;

৮. অগ্নি নিরাপত্তাসহ স্বাভাবিক নিরাপত্তা বেষ্টনী/ দেয়াল এর ব্যবস্থা থাকতে হবে;

৯. জমির পরিমান, উল্লেখিত জমির উপর তৈরিকৃত বাড়ীর পরিমান, দাগ নং, নকশা, পর্চা, দাগ, জমি এবং বাড়ীর মালিকানা প্রমাণপত্রসহ যাবতীয় দালিলিক নথি এবং অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজপত্রের হালনাগাদ তথ্য প্রদান করতে হবে;

১০. বিদ্যুত বিলের ফটোকপি প্রদান করতে হবে। বিদ্যুত বিল ২য় পক্ষ অর্থাৎ ভাড়াটিয়া বহন করবেন; এক্ষেত্রে ১ম পক্ষ/ বাড়ির মালিক কর্তৃক মিটার/ সাব-মিটার ব্যবস্থা করে দিতে হবে;

১১. বাড়ীর মালিকের NID কার্ড এবং ব্যাংক হিসাব নম্বর (যে হিসাব নম্বরে ভাড়া পরিশোধ করা হবে)সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে;

১২. প্রস্তাবিত বাড়ী ভাড়া থেকে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করে পরিশোধ করা হবে। বাড়ী ভাড়ার জন্য কোন প্রকার অগ্রীম অর্থ প্রদান করা হবে না;

১৩. প্রযোজ্য ক্ষেত্রে গণপূর্ত বিভাগ অথবা উপযুক্ত কর্তৃপক্ষের নির্ধারিত হার অনুযায়ী বর্গফুট হিসেবে ভাড়া ধার্য করা হবে;

১৪. গ্রহণযোগ্য/ রেসপনসিভ দরপ্রস্তাব সর্বনিম্ন দরের ভিত্তিতে অনুমোদন দেয়া হবে এবং প্রচলিত বিধান অনুযায়ী চুক্তিপত্র সম্পাদন করা হবে।

৪। সীলগালাকৃত খামে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরপ্রস্তাব নির্ধারিত আবেদনপত্র অনুযায়ী দাখিল করতে হবে (সংযুক্তি-১)।

৫। দরপ্রস্তাব বিষয়ে তথ্য জানার জন্য এনডিডি সুরক্ষা ট্রাস্ট কার্যালয়ে আগামী ১১/০৮/২০২২ থেকে ২৫/০৮/২০২২ তারিখ পর্যন্ত অফিস সময়ে জানা যাবে। দরপ্রস্তাব দাখিলের সর্বশেষ তারিখ ২৫/০৮/২০২২ তারিখ বেলা ১২.০০ ঘটিকা। উল্লেখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-তে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন দরপ্রস্তাব গ্রহণ করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপ্রস্তাব বাতিল করার ক্ষমতা ক্রয়কারী প্রতিষ্ঠান সংরক্ষণ করেন।


অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক
'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' শীর্ষক প্রকল্প
ফোন: ০২-৪৮৩২২৬৮০
ই-মেইল: nddptrust@gmail.com

অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক
অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র
মোবাঃ ০১৭১১-৫২০২৮০
ই-মেইলঃ salma.mukul@yahoo.com

# নমুনা দরখাস্ত

বরাবর
প্রকল্প পরিচালক
‘অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র’ শীর্ষক প্রকল্প;
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;
১১৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।

বিষয়: ‘অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র’ শীর্ষক প্রকল্পের বাড়ী ভাড়া প্রদান বিষয়ক।

জনাব,
আমি/ আমরা ------------ জেলার ---------উপজেলার বাসিন্ধা। আমার/ আমাদের ‘অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র’ শীর্ষক প্রকল্প অফিস স্থাপনের জন্য ভাড়া দেয়ার মত একটি পাকা বিল্ডিং/ বাড়ী/ ফ্ল্যাট বাসা রয়েছে। প্রস্তাবিত বাড়ী/ ফ্ল্যাট বাসার বিবরণ নিম্নে পেশ করা হলো:

| ক্রমিক নং | বিবরণ | : | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রস্তাবিত বাড়ী/ ফ্ল্যাট বাসার ঠিকানা | : | | |
| ২ | প্রস্তাবিত বাড়ী/ ফ্যাট বাসার অবস্থান: (সরকারী অফিস পাড়া/ হাসপাতাল/ বড় রাস্তার পার্শের বিস্তারিত বিবরণ) | : | | |
| ৩ | বাড়ীর মালিকের নাম, পিতার নাম, মাতার নাম, NID নং সহ | : | নাম:<br>পিতার নাম:<br>মাতার নাম:<br>NID নং: | |
| ৪ | বাড়ীর মালিকের বর্তমান ঠিকানা | : | | |
| ৫ | বাড়ীর মালিকের স্থায়ী ঠিকানা | : | | |
| ৬ | পেশা | : | | |
| ৭ | বাড়ীর জায়গার পরিমান, ভবনের পরিমান ও অফিস স্থাপনের জন্য ভাড়া দেয়ার মত মোট পরিমান/ বর্গফুট | : | বাড়ীর জায়গার পরিমান:----শতক বা---- বর্গফুট,<br>ভবনের পরিমান: :----শতক বা---- বর্গফুট,<br>ও অফিস স্থাপনের জন্য ভাড়া দেয়ার মত মোট পরিমান/ বর্গফুট: :----শতক বা---- বর্গফুট, | |
| ৮ | প্রস্তাবিত বাড়ী/ ফ্ল্যাট বাসাটি/ ভবনটির উচ্চতা/ তলা সংখ্যা | : | -----------তলা,প্রতি তলায় --------ইউনিট,<br>মোট-----------------ইউনিট | |
| ৯ | বাড়ী থেকে প্রস্তাবিত অফিসের জন্য ফ্ল্যাট সংখ্যা/ ইউনিট সংখ্যা ও বিবরণ | : | প্রস্তাবিত অফিসের জন্য ভাড়া দিতে ইচ্ছুক:<br>-------টি ফ্ল্যাট/---------টি ইউনিট, গ্যারেজ------টি ও বিবরণ | |
| ১০ | বাড়ীর নিচতলার বিবরণ, কক্ষ সংখ্যা, কক্ষ ভিত্তিক আয়তন, গ্যারেজ এর আয়তন | : | | |
| ১১ | দ্বিতীয় তলার বিবরণ, কক্ষ সংখ্যা, কক্ষ ভিত্তিক আয়তন | : | | |
| ১২ | তৃতীয় তলা থেকে তলা ভিত্তিক বিবরণ, কক্ষ সংখ্যা, কক্ষ ভিত্তিক আয়তন | | | |

অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক
অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র
মোবাঃ ০১৭১১-৫২০২৮০
ই-মেইলঃ salma.mukul@yahoo.com

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | বাড়ীটিতে প্রতিবন্ধী ব্যক্তির প্রবেশগম্যতার বর্তমান অবস্থা বা না থাকলে প্রবেশগম্যতার ব্যবস্থা কীভাবে করে দেয়া হবে; | : | | |
| ১৪ | বিদ্যুৎ, গ্যাস এবং পানির সুবিধার বর্ণনা ও বিদ্যুৎ মিটার সংখ্যা এবং বিল পরিশোধ পদ্ধতি | : | | |
| ১৫ | ইলেক্ট্রো-থেরাপি যন্ত্রপাতি চালানোর জন্য প্রয়োজন অনুযায়ী ওয়্যারিং করে দেওয়ার বিষয়ে বক্তব্য | : | | |
| ১৬ | অগ্নি নির্বাপক ব্যবস্থা ও নিরাপত্তা ব্যবস্থার বিবরণ | : | | |
| ১৭ | বাড়ীর আঙ্গিনার বিবরণ | : | | |
| ১৮ | বাড়ী নির্মাণের সন বিষয়ক তথ্য | : | | |
| ১৯ | প্লাষ্টার, রং, ফ্লোর বিষয়ে বর্ননা | : | | |
| ২০ | বাড়ী ভাড়া | : | বাড়ী ভাড়ার পরিমান:<br>ভ্যাট :<br>আয়কর :<br>মোট :<br>কথায় (.............................) | |
| ২১ | ভাড়া দেয়ার প্রস্তাব (মাস, সন উল্লেখ করতে হবে) | : | উক্ত ভাড়ায় ২০২২ সালের -------------------মাস থেকে------------সালের --------------------মাস পর্যন্ত ভাড়া দিতে প্রস্তাব করা হলো। | |
| ২২ | বাড়ী ভাড়া পরিশোধ পদ্ধতির বিস্তারিত বিবরণ | : | | |
| ২৩ | যোগাযোগ পদ্ধতির বিবরণ | : | | |
| ২৪ | বিকল্প যোগাযোগ পদ্ধতির বিবরণ | : | | |
| ২৫ | অন্যান্য প্রয়োজনীয় তথ্য | : | | |
| | ..................... | | | |

সংযুক্তি:

৪। প্রস্তাবের সাথে যে সকল কাগজপত্র সংযোজন করা হয়েছে:

১. বাড়ীর মালিকানা প্রমাণপত্রসহ যাবতীয় দালিলিক কাগজপত্রের ফটোকপি এবং হালনাগাদ তথ্য (নকশা, পর্চা, দাগ) প্রদান করা হয়েছে;

২.বিদ্যুত বিলের ফটোকপি প্রদান করা হয়েছে। বিদ্যুত বিল ২য় পক্ষ অর্থাৎ ভাড়াটিয়া বহন করবেন। এক্ষেত্রে ১ম পক্ষ/ বাড়ির মালিক কর্তৃক মিটার/ সাব-মিটার ব্যবস্থা করা হবে;

৩.বাড়ীর মালিকের NID এবং ব্যাংক হিসাব নম্বর (যে হিসাব নম্বরে ভাড়া পরিশোধ করা হবে)সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে;

আবেদনকারীর নাম, ঠিকানা, স্বাক্ষর

অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক
অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র
মোবাঃ ০১৭১১-৫২০২৮০
ই-মেইলঃ salma.mukul@yahoo.com